

ARTHIK LIPI

লিপি

KOLKATA. FRIDAY. 10 SEPTEMBER 2021

আরএমএসআই জিতে নিল এসডিজি পুরস্কার ২০২১

স্টাফ রিপোর্টার : আরএমএসআই ব্রিকস সলিউশনের জন্য এসডিজি পুরস্কার ২০২১ জিতে নিল। তাদের মালাউই প্রকল্পের জন্য এই পুরস্কারটি তারা পেয়েছে। এই প্রতিযোগিতায় ৭টি ক্যাটাগরিতে ২৮৯টি সংস্থা অংশগ্রহণ করেছিল। ব্রাজিল, রাশিয়া, ভারত, চীন ও দক্ষিণ আফ্রিকা থেকে বিভিন্ন সংস্থা এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছিল। কাজের প্রতি

দায়বদ্ধতা, উদ্ভাবনী ক্ষমতা, যৌথ উদ্যোগ বিচার করেই এই পুরস্কার দেওয়া হয়েছে। জিরো হান্ডার ক্যাটাগরিতে এই পুরস্কার পেয়েছে। আফ্রিকার একটি ছোট জায়গা হচ্ছে মালাউই। তাদের অর্থনীতি অনেকটা কৃষিনির্ভর। যা আমাদের দেশে জিডিপি তুলনায় এক তৃতীয়াংশ এবং ৮০ শতাংশ কর্মসংস্থানের কাছাকাছি। আরএমএসআই-এর সিইও অনুপ

জিন্দাল জানিয়েছেন, আমরা এই পুরস্কার পেয়ে খুবই গর্বিত। মালাউইতে আমরা খাদ্য নিরাপত্তার ব্যবস্থা করতে পেরেছি। এছাড়া বাজারের উন্নয়ন ও কৃষকদের জীবিকা নির্বাহ ব্যবস্থা করতে আমাদের সংস্থা বদ্ধ পরিকর। এই সংস্থার মাধ্যমে উপকৃত হয়েছেন ১৫,৭৭৭ জন বাদাম চাষি, ২৩,২৬৮ জন সোয়াবিন বিক্রেতা।